হাওড়ায় শৈলেন মান্না সরণির ফলক উন্মোচনের পর মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি। ছবি: আজকাল

শৈলেন মান্নার নামে হাওড়ায় রাস্তার উদ্বোধন মুখ্যমন্ত্রীর

প্রিয়দর্শী বন্দ্যোপাধ্যায়

হাওড়ার ড্রেনেজ ক্যানাল রোডের নাম কিংবদন্তি ফুটবলার শৈলেন মান্নার নামে করলেন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি। এরই সঙ্গে 'শৈলেন মান্না সরণি'কে সুসজ্জিত করে তুলতে একগুচ্ছ পরিকল্পনার কথা ঘোষণা করলেন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি। বৃহস্পতিবার বিকেলে দিঘা থেকে ফেরার পথে ডুমুরজলা ইন্ডোর স্টেডিয়ামের উল্টোদিকে এই উপলক্ষে আয়োজিত এক অনুষ্ঠানে 'শৈলেন মান্না সরণি' শীর্ষক ফলকের উন্মোচন করেন তিনি। তাঁর সঙ্গে ছিলেন খাদ্য প্রক্রিয়াকরণ ও উদ্যানপালন মন্ত্রী অরূপ রায়, ক্রীড়া প্রতিমন্ত্রী মনোজ তিওয়ারি, বিধায়ক নন্দিতা চৌধুরি, গৌতম চৌধুরি, হাওড়ার মুখ্য পুর প্রশাসক ডাঃ সুজয় চক্রবর্তী, জেলাশাসক পি দিপাপ প্রিয়া, নগরপাল প্রবীণ ত্রিপাঠী–সহ পুলিশ ও প্রশাসনের পদস্থ আধিকারিকরা। এদিন সেখানে সুফল বাংলার তরফে স্বনির্ভর গোষ্ঠীর কয়েকটি স্টলেরও উদ্বোধন করেন তিনি। স্টলগুলি ঘুরেও দেখেন মুখ্যমন্ত্রী। এরপর মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি জানান, 'ড্রেনেজ ক্যানাল রোডের নাম এখন থেকে শৈলেন মান্না সরণি হল। এই রাস্তার ধারের ফাঁকা জায়গাটিকে কাজে লাগিয়ে পুরো শৈলেন মান্না সরণিকে সুসজ্জিত করে তোলা হবে। সেই উদ্দেশে এখানে একটি ট্রামের বগির মধ্যে লাইব্রেরি, আর একটি বগিতে রেস্তোরাঁ ও কিছুটা ফাঁকা জায়গা কচিকাঁচাদের খেলার উপযুক্ত করে গড়ে তোলা হবে। এই ব্যাপারে সামগ্রিক রূপরেখা তৈরি করা হয়েছে। দ্রুত কাজগুলি সম্পন্ন করে পুরো এলাকাটির সৌন্দর্যায়ন করা হবে। সেইসঙ্গে এখানে স্বনির্ভর গোষ্ঠীর কিছু স্টলও থাকবে।' হাওড়ার মুখ্য পুর প্রশাসক ডাঃ সুজয় চক্রবর্তী জানান, 'সবুজ সাথী ক্রীড়াঙ্গনের উল্টো দিকে কোনা এক্সপ্রেসওয়ে থেকে বেলিলিয়াস পার্কের দিকে যাবার লেনের পাশের ফাঁকা অংশটাতে এগুলি গড়ে তোলা হবে। এই বিষয়ে বিস্তারিত প্রকল্প–রিপোর্ট তৈরি হয়ে গেছে। শীঘ্রই কাজ শুরু হবে। এ ভাবেই শৈলেন মান্না সরণির সামগ্রিক সৌন্দর্যায়ন করা হবে।' উল্লেখ্য, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি দু'দিন আগেই ড্রেনেজ ক্যানাল রোডের নাম কিংবদন্তি ফুটবলার শৈলেন মান্নার নামে করার জন্য হাওড়া জেলা প্রশাসনকে নির্দেশ দিয়েছিলেন। সেই অনুযায়ী এদিন থেকে প্রায় আড়াই কিমি দীর্ঘ ড্রেনেজ ক্যানাল রোডের নতুন নাম হল শৈলেন মান্না সরণি।

বাসের ধাক্কায় পথচারীর মৃত্যু

বেপরোয়া গতির বাসের ধাক্কায় মৃত্যু হল এক পথচারীর। বৃহস্পতিবার ঘটনাটি ঘটেছে মহাত্মা গান্ধী রোডে। এদিন সন্ধে সাড়ে ৭টা নাগাদ এক বৃদ্ধ পথচারী ওই এলাকা দিয়ে হাঁটছিলেন। সে সময় হাওড়া থেকে মধ্যমগ্রাম রুটের একটি বেসরকারি বাস দ্রুত গতিতে এসে নিয়ন্ত্রণ হারিয়ে ওই ব্যক্তিকে ধাক্কা মারে। ওই এলাকায় কর্তব্যরত ট্র্যাফিক পুলিশ ও স্থানীয়রা সঙ্গে সঙ্গে ছুটে আসেন। এরই মধ্যে ঘটনাস্থল থেকে পালিয়ে যায় বাসচালক। গুরুতর জখম পথচারীকে হাসপাতালে নিয়ে যাওয়া হলে চিকিৎসকেরা মৃত ঘোষণা করেন।

বিশ্বের আইকন হয়ে থাকবে দিঘার জগন্নাথ মন্দির: মুখ্যমন্ত্রী

যজ্ঞেশ্বর জানা
দিঘা, ১২ ডিসেম্বর

শুধু বাংলার নয়, হাজার হাজার বছর ধরে সারা বিশ্বের আইকন হিসেবে থাকবে দিঘার জগন্নাথ মন্দির। এমনটাই বললেন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি। বৃহস্পতিবার দিঘা সফর শেষে ফেরার পথে নিউ দিঘার হেলিপ্যাডে দাঁড়িয়ে স্থানীয়দের উদ্দেশে মুখ্যমন্ত্রী বলেন, 'সকলে মিলে জগন্নাথ মন্দিরকে সযত্নে রক্ষা করুন। সর্বাঙ্গীণ সুন্দর করে তুলুন। এখন থেকে আপনাদের দায়বদ্ধতা, দায়িত্ব, কাজ আরও বেড়ে গেল।' তিন দিনের সফরে মঙ্গলবার দিঘা এসেছিলেন মুখ্যমন্ত্রী। বুধবার নির্মীয়মাণ মন্দির পরিদর্শন শেষে ৩০ এপ্রিল, মন্দির উদ্বোধনের তারিখ ঘোষণা করেন মুখ্যমন্ত্রী। তিন মাসের মধ্যে সম্পূর্ণ হয়ে যাবে মন্দির নির্মাণের কাজ। তারপরই সর্বসাধারণের জন্য খুলে যাবে জগন্নাথ মন্দিরের দ্বার। মন্দির পরিচালনার ট্রাস্টি বোর্ড গঠন–সহ যাবতীয় পরিকল্পনার কথা জানিয়েছিলেন মুখ্যমন্ত্রী। এদিন সফর শেষের দিনেও আরও নানা দায়দায়িত্ব বুঝিয়ে দিয়ে যান তিনি। জগন্নাথ মন্দির ও সংস্কৃতি কেন্দ্রের অগ্রগতির ক্ষেত্রে সাংবাদিকদের মতামতও আবশ্যক বলে জানিয়েছেন মুখ্যমন্ত্রী। জেলাশাসক পূর্ণেন্দু মাজিকে দায়িত্ব দিয়েছেন সংবাদ প্রতিনিধিদের কোর কমিটি গড়ে দেওয়ার। মুখ্যমন্ত্রী বলেন, 'সাংবাদিকদেরও যুক্ত করতে হবে এই কাজে। ওঁদের প্রতিক্রিয়া জানতে হবে।' জেলার ছোট সংবাদপত্র, বেতার, কেব্‌ল চ্যানেলগুলিকে কীভাবে প্রচার মাধ্যমের আওতায় আনা সম্ভব, তা পর্যালোচনা করা হবে বলে জানিয়েছেন মুখ্যমন্ত্রী। চা–চক্রে সাংবাদিকদের সঙ্গে আলোচনার মাধ্যমে আবেদন পদ্ধতি মূল্যায়নের দায়িত্বও জেলাশাসককে দিয়েছেন।

শিক্ষাতালুক গড়তে প্রয়োজনীয় জমির বন্দোবস্ত করে দেওয়ার আবেদন জানাতে হেলিপ্যাডে মুখ্যমন্ত্রীর সঙ্গে দেখা করেন দিঘা সারদা রামকৃষ্ণ সেবা কেন্দ্রের সম্পাদক স্বামী নিত্যবোধানন্দ মহারাজ। সংশ্লিষ্ট প্রকল্প নির্মাণে ২০ একর জমির প্রয়োজন সেবা কেন্দ্রের। মন্দারমণি, নায়েকালী মন্দির এলাকায় কয়েকটি জমি পছন্দ করেছেন কর্তৃপক্ষ। জমির দ্রুত অনুমোদনের জন্য জেলাশাসক, বিধায়ক, সভাধিপতি–সহ সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় পদক্ষেপের নির্দেশ দিয়েছেন মুখ্যমন্ত্রী। বিধায়ক অখিল গিরি, তরুণ মাইতি, সভাধিপতি ও বিধায়ক উত্তম বারিক, কাঁথি সাংগঠনিক জেলা তৃণমূল সভাপতি পীযূষকান্তি পন্ডা, জেলা যুব তৃণমূল সভাপতি তথা কাঁথি পুরসভার চেয়ারম্যান সুপ্রকাশ গিরি প্রমুখ হেলিপ্যাডে হাজির ছিলেন মুখ্যমন্ত্রীকে বিদায় জানাতে।

সল্টলেকে রাজনৈতিক দলের কর্মসূচি বাড়াতে হবে: ফিরহাদ

দীপঙ্কর নন্দী

সল্টলেকে রাজনৈতিক কর্মসূচি বাড়াতে হবে। বিধানসভায় ভোট পড়ে বেশি। কিন্তু কাউন্সিলর নির্বাচনে ভোট কম পড়ে। সল্টলেকের রাস্তা ও জঞ্জাল নিয়ে মুখ্যমন্ত্রী উষ্মা প্রকাশ করেছেন। এগুলোর দিকে নজর দিতে হবে। বৃহস্পতিবার নগরোন্নয়ন দপ্তরে মন্ত্রী ফিরহাদ হাকিমের অফিসে বিধাননগরের সমস্ত কাউন্সিলরকে নিয়ে বৈঠক করেন ফিরহাদ হাকিম। তাঁর বক্তব্য, 'বিধাননগরে রাজনৈতিক কর্মসূচি কম হয়। মিটিং–মিছিল সল্টলেকের মানুষ দেখতে পান না। রাজনৈতিক কর্মসূচি আরও বাড়াতে হবে। এটা মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির নির্দেশ। তাঁর নির্দেশেই আমি আজ এই বৈঠকে এসেছি।' বৈঠকে ছিলেন সুজিত বসু, তাপস চ্যাটার্জি, সব্যসাচী দত্ত, কৃষ্ণা চক্রবর্তী, তুলসী সিনহারায় প্রমুখ। দেবরাজ চক্রবর্তী ব্রাসেলসে গেছেন। বৈঠকে ফিরহাদ ছাড়া আর কেউই কিছু বলেননি। মেয়র, ডেপুটি মেয়রকে সরানো হবে কি না, এক সাংবাদিক জানতে চাইলে ফিরহাদ বলেন, এটা আমাদের কাজ নয়। পার্টির কাজ। এসব নিয়ে মিটিংয়ে কোনও আলোচনা হয়নি। সল্টলেককে কীভাবে আরও উন্নতি করা যায়, তা নিয়ে আলোচনা হয়েছে। রাস্তা ও জঞ্জাল নিয়ে মুখ্যমন্ত্রী সন্তুষ্ট নন। জঞ্জাল যেখানে–সেখানে ফেলে রাখা হয়। একটা নির্দিষ্ট জায়গায় জঞ্জাল ফেলা হয় না। ফিরহাদ জানান, সল্টলেককে ডাম্পিং সেন্টার হবে। কামারহাটিতে গিয়ে কিছু ময়লা ফেলা হয়। সাধারণ মানুষেরও আরও সচেতন হওয়া প্রয়োজন বলে মনে করেন তিনি। রাস্তা দপ্তরের দায়িত্বে যিনি আছেন, তাঁকে আরও বেশি নজর দিতে হবে। ভাল জিনিস দিতে হবে। সল্টলেকে বহু মানুষ বাস করেন। তাঁরা রাস্তা নিয়ে মেয়রের কাছে অভিযোগ জমা দিচ্ছেন। ২০২৬–এর নির্বাচনের দিকে লক্ষ্য রেখে কাউন্সিলরদের এগিয়ে যাওয়ার নির্দেশ দিয়েছেন ফিরহাদ। তিনি এ–ও বলেন, যে সব ওয়ার্ডে রাস্তাঘাট ভাঙাচোরা, সেই সব ওয়ার্ডের কাউন্সিলররা কী করছেন? একবার সল্টলেকে গিয়ে ভ্যাট থেকে উপচে–পড়া ময়লা রাস্তায় পড়ে থাকতে দেখে ক্ষোভ প্রকাশ করেছিলেন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি। সুজিত বসু ও তাপস চ্যাটার্জিকে আরও ভাল করে নজর দিতে বলা হয়েছে। মেয়র কৃষ্ণা চক্রবর্তী কিছু বলেননি। ফিরহাদ বলেন, 'আমি আবার বৈঠক করব। ২০২৭–এর ফেব্রুয়ারিতে এই পুরসভার মেয়াদ শেষ হচ্ছে। অর্থাৎ বিধানসভা নির্বাচনের পরের বছরই সল্টলেকে ভোট।' সাংবাদিকদের ফিরহাদ বলেছেন, 'পুরসভার কাজের অগ্রগতি নিয়ে আমাকে বিভিন্ন পুরসভায় মিটিং করতে হয়। মানুষ আমাদের অনেক আশা নিয়ে ভোট দিয়েছেন ও নির্বাচিত করেছেন। আমরা যদি মানুষের আশা পূরণ করতে না পারি, তাহলে তাঁরাও ভোট দেবেন না। কে টিকিট পাবেন, কে পাবেন না, সে সব নিয়ে চিন্তা করার কোনও কারণ নেই।' ২৪ ঘণ্টাই কাজ করতে হবে বলে বৈঠকে আলোচনা হয়েছে।

আদালতে নির্যাতিতার বাবা-মা

আর জি কর হাসপাতালে মহিলা চিকিৎসক ধর্ষণ ও খুনের বিচারের শুনানিতে বৃহস্পতিবার আদালতে হাজির ছিলেন নির্যাতিতার মা ও বাবা। শুনানিতে এর আগে বাবা এসেছিলেন। কিন্তু এই প্রথমবার এসেছিলেন মা। নির্যাতিতার পরিচিত কয়েকজনও এসেছিলেন। আদালত তাঁদের শুনানি কক্ষে আসতে অনুমতি দেয়নি। এদিন আদালতে হাজির করানো হয়েছিল অভিযুক্ত সঞ্জয় রায়কে। শিয়ালদা আদালতের দায়রা বিচারক অনির্বাণ দাসের এজলাসে রুদ্ধদ্বার কক্ষে এদিন সাক্ষ্য দেন কলকাতা পুলিশের এক অফিসার।

জেলাশাসকের করণ, দক্ষিণ ২৪ পরগনা
নাজিরখানা দপ্তর, আলিপুর

স্মারক নম্বর ৪৯৭/এন.জেড/জি.এস.মেলা- ২০২৫ তাং- ১১/১২/২০২৪

১) আসন্ন **গঙ্গাসাগর মেলা, ২০২৫ উপলক্ষে আগামী ৮ই জানুয়ারী থেকে ১৭ই জানুয়ারী ২০২৫** পর্যন্ত গঙ্গাসাগর মেলা প্রাঙ্গন ও সংলগ্ন স্থান কচুবেড়িয়া, চেমাগুরী, বেণুবন, কাকদ্বীপ এবং নামখানায় বিভিন্ন দোকান, হোটেল ও অন্যান্য ব্যবসা করতে ইচ্ছুক ব্যবসায়ীবৃন্দের অথবা যাত্রীনিবাস, যাত্রীশিবির করতে ইচ্ছুক বেসরকারী ভ্রমণ সংস্থার অথবা বিভিন্ন প্রকার বিজ্ঞাপন দিতে ইচ্ছুক বেসরকারী বিজ্ঞাপনদাতাদের অথবা যাত্রীছাউনি বা চিকিৎসা ছাউনি দিতে ইচ্ছুক স্বেচ্ছাসেবী সংস্থার কাছ থেকে অস্থায়ীভাবে জমির বন্দোবস্ত দেওয়ার জন্য বা বিজ্ঞাপন দেওয়ার স্থানের জন্য নির্দিষ্ট বয়ানে আবেদনপত্র/দরপত্র আহ্বান করা হচ্ছে।
২) **১৫ই ডিসেম্বর, ২০২৪ থেকে ২৮শে ডিসেম্বর, ২০২৪**–এর মধ্যে নির্ধারিত ফর্মে আবেদনপত্র জমা দিতে হবে। আবেদনপত্র প্রাপ্তি ও জমা দেবার স্থান নিম্নরূপ:–
(ক) দোকান/হোটেল ও অন্যান্য ব্যবসায়ীর ক্ষেত্রে সাগর/কাকদ্বীপ/নামখানা বি.এল. এন্ড এল.আর.ও দপ্তর।
(খ) অন্যান্য সকল ক্ষেত্রে জেলা নাজিরখানা দপ্তর, জেলাশাসক, দক্ষিণ ২৪ পরগনা, আলিপুর।
৩) জমি বন্দোবস্তের নির্ধারিত মূল্য এবং অন্যান্য শর্তাদির বিবরণ ফর্মের সঙ্গে পাওয়া যাবে।
৪) বিশদ বিবরণের জন্য জেলাশাসকের দপ্তরের আলিপুর কার্যালয়ে নাজিরখানা দপ্তরে যোগাযোগ করতে পারবেন।

Memo No. 3992(6)/DICO/S 24Pgs
Dt. 12.12.2024

স্বাঃ/–
অতিরিক্ত জেলাশাসক (সাধারণ)
দক্ষিণ ২৪ পরগনা, আলিপুর

বিজ্ঞপ্তি

পশ্চিমবঙ্গ দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ

পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রক, ভারত সরকারের বিজ্ঞপ্তি নম্বর এস.ও.১৫৩৩(ই) তারিখ ১৪.০৯.২০০৬ অনুসারে, এতদ্বারা বিজ্ঞপ্তি জারি করা হচ্ছে যে, **মেসার্স ইস্টার্ন কোলফিল্ডস লিমিটেড**–এর জনশুনানি **১৪.০১.২০২৫** এবং **১৭.০১.২০২৫** তারিখে পশ্চিমবঙ্গের পশ্চিম বর্ধমান জেলায় ধার্য করা হয়েছে। শুনানিগুলির নির্দিষ্ট তারিখ, সময় এবং স্থান নিয়ে বর্ণিত করা হল :

প্রোজেক্টের নাম	শুনানির তারিখ ও সময়	শুনানির স্থান
রানিগঞ্জ, জেলা–পশ্চিম বর্ধমান, পশ্চিমবঙ্গে অবস্থিত পরিবর্ধিত **ক্লাস্টার ৩**(৩টি মিশ্রিত মাইনস)–এর বিদ্যমান উৎপাদন ক্ষমতা বৃদ্ধি ৩.৩৩/৩.৯৭ (নরম্যাটিভ/পিক) তৎসহ মাইনিং লিজ অঞ্চল ১৬২৮.০ হেক্টর থেকে ১৭৭৪ হেক্টর অঞ্চল বৃদ্ধি (ডাবর ওসিপি: ১০৬৩ হেক্টর থেকে ১০৫৬ হেক্টর অঞ্চল হ্রাস; বোনজেমেহারি ওসিপি: ৩০৪ হেক্টর থেকে ৫১৮ হেক্টর অঞ্চল বৃদ্ধি; সংগ্রামপুর ওসিপি: ২৬১ হেক্টর থেকে ২০০ হেক্টর অঞ্চল হ্রাস)।	১৪.০১.২০২৫ দুপুর ১২টা	দেন্দুয়া পঞ্চায়েত সমিতির অধীন আরএইচএস কলোনির খেলার মাঠ, সালানপুর ব্লক, জেলা–পশ্চিম বর্ধমান, পশ্চিমবঙ্গ
গ্রাম–সোনপুর, তেহশিল–হরিপুর ব্লক, জেলা–পশ্চিম বর্ধমান, পশ্চিমবঙ্গে রানিগঞ্জ কোলফিল্ডের পরিবর্ধিত **ক্লাস্টার ১২** (১৪টি মাইনস নিয়ে গঠিত)–এ ৩১.৮৩ এমটিপিএ থেকে ৩৪.৮৩ এমটিপিএ বৃদ্ধি, তৎসহ মাইনিং লিজ অঞ্চল ১২৬৯৪.৪৭ হেক্টর থেকে ১৪৮১৪.২০ হেক্টর (সোনপুর বাজারি ওসিপি–১২ এমটিপিএ থেকে ১৫ এমটিপিএ এবং ২৪০৫ হেক্টর থেকে ৪৬৮১.৩৫ হেক্টর অঞ্চল বৃদ্ধি; তিলবানি আন্ডার গ্রাউন্ড : ৮২৭.৪৭ থেকে ৮৬৫.৮৫ হেক্টর অঞ্চল বৃদ্ধি এবং বানকোলা আন্ডার গ্রাউন্ড : ৮৩০ হেক্টর থেকে ৬৩৫ হেক্টর অঞ্চল হ্রাস)।	১৭.০১.২০২৫ দুপুর ১২টা	রিহাব কমিউনিটি হল সোনপুর গ্রাম, জেলা–পশ্চিম বর্ধমান, পশ্চিমবঙ্গ

কোনও ব্যক্তি বা ব্যক্তিবর্গের সমষ্টি যিনি বা যাঁরা প্রভাবিত হতে পারেন বা সংযুক্ত স্থানীয় কর্তৃপক্ষ, আলোচ্য প্রকল্পের এক্সিকিউটিভ সামারির কপি (ইংরেজি ও বাংলা) দেখতে পারেন এবং ইআইএ/ইএমপি রিপোর্টের ড্রাফ্ট বা খসড়া নিম্নলিখিত কার্যালয়গুলিতে পাওয়া যাবে (১) জেলাশাসক, জেলা–পশ্চিম বর্ধমান–এর কার্যালয় (২) অতিরিক্ত জেলাশাসক (এলআর), পশ্চিম বর্ধমান–এর কার্যালয় (৩) সাব–ডিভিশনাল অফিসারের কার্যালয়, আসানসোল সাব–ডিভিশন (৪) সাব–ডিভিশনাল অফিসারের কার্যালয়, দুর্গাপুর সাব–ডিভিশন (৫) ব্লক ডেভেলপমেন্ট অফিসারের কার্যালয়, সালানপুর ডেভেলপমেন্ট ব্লক (৬)ব্লক ডেভোলপমেন্ট অফিসারের কার্যালয়, পাণ্ডবেশ্বর ডেভোলপমেন্ট ব্লক (৭) জেনারেল ম্যানেজার, ডি.আই.সি., পশ্চিম বর্ধমান–এর কার্যালয়, (৮) সভাধিপতির কার্যালয়, পশ্চিম বর্ধমান জেলা পরিষদ (৯) সভাপতির কার্যালয়, সালানপুর পঞ্চায়েত সমিতি, পশ্চিম বর্ধমান (১০) সভাপতির কার্যালয়, পাণ্ডবেশ্বর পঞ্চায়েত সমিতি, পশ্চিম বর্ধমান (১১) প্রধানের কার্যালয়, বাসুদেবপুর জেমারি গ্রাম পঞ্চায়েত, পশ্চিম বর্ধমান (১২) প্রধানের কার্যালয়, সালানপুর গ্রাম পঞ্চায়েত, পশ্চিম বর্ধমান (১৩) প্রধানের কার্যালয়, হরিপুর গ্রাম পঞ্চায়েত, পশ্চিম বর্ধমান, (১৪) প্রধানের কার্যালয়, নবগ্রাম গ্রাম পঞ্চায়েত, পশ্চিম বর্ধমান, (১৫) প্রধানের কার্যালয়, ছোড়া গ্রাম পঞ্চায়েত, পশ্চিম বর্ধমান, (১৬) এনভায়রনমেন্টাল ইঞ্জিনিয়ারের কার্যালয়, আসানসোল আঞ্চলিক কার্যালয়, পশ্চিম বঙ্গ দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ, কল্যাণপুর স্যাটেলাইট টাউনশিপ প্রোজেক্ট (কেএসটিপি), কল্যাণপুর, আসানসোল–৭১৩৩০৫, জেলা–পশ্চিম বর্ধমান, (১৭) এনভায়রনমেন্টাল ইঞ্জিনিয়ারের কার্যালয়, দুর্গাপুর আঞ্চলিক কার্যালয়, পশ্চিমবঙ্গ দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ, শহিদ ক্ষুদিরাম সরণি, সিটি সেন্টার, দুর্গাপুর, জেলা–পশ্চিম বর্ধমান, পিন–৭১৩২১৬ (১৮) পরিবেশ দপ্তর, পশ্চিমবঙ্গ সরকার, প্রাণীসম্পদ ভবন, ৬ষ্ঠ তল, এলবি–২, সেক্টর–৩, বিধাননগর, কলকাতা–৭০০১০৬ (১৯) পরিবেশ, বন এবং জলবায়ু পরিবর্তন মন্ত্রক, ইন্টিগ্রেটেড রিজিওনাল অফিস, কলকাতা, আইবি–১৯৮, সেক্টর–৩, সল্ট লেক সিটি, কলকাতা–৭০০১০৬ (২০) পশ্চিমবঙ্গ দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ–এর সদর কার্যালয়, পরিবেশ ভবন, ১০এ, ব্লক–এলএ, সেক্টর–৩, বিধাননগর, কলকাতা–৭০০১০৬। এক্সিকিউটিভ সামারি, ড্রাফ্ট ইআইএ রিপোর্ট ও প্রকল্পের আবেদনপত্র পর্ষদের ওয়েবসাইট – www.wbpcb.gov.in –এ পাওয়া যাবে।

প্রস্তাবিত প্রকল্প বা কার্যাবলীর দরুন স্থানীয়ভাবে প্রভাবিত হতে পারেন এরূপ ব্যক্তি বা গোষ্ঠী ওপরে উল্লিখিত তারিখ, সময় এবং স্থানে অনুষ্ঠেয় জনশুনানিতে অংশ নিতে পারেন। জনশুনানির সময় আলোচ্য বিষয় সম্পর্কে পরামর্শ/আপত্তি মৌখিক অথবা লিখিতভাবে জানাতে পারেন। প্রকল্প অথবা কার্যাবলীর পরিবেশগত দিক থেকে প্রভাবিত হবার যুক্তিগ্রাহ্য কারণ আছে এরূপ অন্য সংশ্লিষ্ট ব্যক্তি লিখিত আকারে তাঁর পরামর্শ/আপত্তি জনশুনানির তারিখের পূর্বে চিফ ইঞ্জিনিয়ার (ইআইএম সেল), পরিবেশ ভবন, ১০এ, ব্লক–এলএ, সেক্টর–৩, বিধাননগর, কলকাতা–৭০০১০৬–এর কাছে জানাতে পারেন।

সদস্য সচিব
পশ্চিমবঙ্গ দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ

পাওয়ারগ্রিড POWERGRID

নোটিস

১. ১) ২০১৯–২৪ ট্যারিফ ব্লকের জন্য ট্রান্সমিশন ট্যারিফের ট্রুইং আপ এবং ২) **পিটিশন–১:** ইস্টার্ন রিজিওন স্ট্রেনদেনিং স্কিম–৩ (ইআরএসএস–৩) এবং **পিটিশন–২:** ইস্টার্ন রিজিওন স্ট্রেনদেনিং স্কিম–৫ (ইআরএসএস–৫)–এর ট্যারিফ ব্লকের ২০২৪–২৯ এর ট্রান্সমিশন ট্যারিফ নির্ধারণ ১) সিইআরসি (কনডাক্ট অফ বিজনেস) রেগুলেশনস, ১৯৯৯–এর রেগুলেশন ৮৬ এবং সিইআরসি (টার্মস অ্যান্ড কন্ডিশনস অফ ট্যারিফ) রেগুলেশনস, ২০১৯ অধীনে অনুমোদন।
২. উপরিলিখিত ট্রান্সমিশন সিস্টেমের সুবিধাভোগীগণ হল: (১) বিহার স্টেট পাওয়ার (হোল্ডিং) কোম্পানি লিমিটেড; (২) ওয়েস্ট বেঙ্গল স্টেট ইলেকট্রিসিটি ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড; (৩) গ্রিড কর্পোরেশন অফ ওড়িশা লিমিটেড; (৪) দামোদর ভ্যালি কর্পোরেশন; (৫) পাওয়ার ডিপার্টমেন্ট, গভর্নমেন্ট অফ সিকিম, গ্যাংটক; (৬) ঝাড়খণ্ড বিজলি বিতরণ নিগম লিমিটেড, (৭) ঝাড়খণ্ড উর্জা সঞ্চারণ নিগম লিমিটেড, (৮) ওড়িশা পাওয়ার ট্রান্সমিশন কর্পোরেশন লিঃ এবং (৯) ওয়েস্ট বেঙ্গল স্টেট ইলেকট্রিসিটি ট্রান্সমিশন কোম্পানি লিমিটেড।

২. ট্যারিফ বিশদ
ক) ২০১৯–২৪ ব্লক

আবেদন নং	সম্পদ বিশদ	ইসিওডি	৩১.০৩.২০২৪–এ সম্পন্ন খরচ	দর	২০১৯–২০	২০২০–২১	২০২১–২২	২০২২–২৩	২০২৩–২৪
আবেদন–১	সম্পদ–১	০৪.০২.২০১৬	১৬৭৫০৬.১০	সংশোধিত এএফসি	২৯৭০১.৯৫	২৯০৫৬.৩৫	২৮৬৫৭.৩২	২৮৪৭৮.৮৮	২৮২৮৫.৮২
	সম্পদ–২(ক)		২১৯.৫৯		২৪.০৭	৩৬.১৬	৩৫.০২	৩৪.১৪	৩৩.৪৪
	সম্পদ–২(খ)		২৮৯.৭০		২৪.৭৭	৩৫.১৬	৩৪.১৫	৩৬.৬৯	৩৮.৪৩
আবেদন–২	সম্পদ–১	০৮.০৭.২০১৯	৩১৮৯৭.৭২		৫৩৪৪.২১	৫১৪৩.৯৮	৫০১৪.৮০	৪৯৪৬.৩৮	৪৮৮৭.৭৭
	সম্পদ–২		২৫১৮০.৭৩		৪১৪০.৩২	৪১৪৩.৩৭	৪১৬৮.১৩	৪১৯৪.৯৪	৪১৮৫.৯৬
	সম্পদ–৩		৯৭৪.৭৫		১৪৯.৫৬	১৮৯.৪০	১৮৬.৪০	১৮৩.৬৫	১৮১.৪৩
	সম্পদ–৪		৩৫৫৯.৭১		৪৬৮.৫৭	৭৪৮.৫৪	৭৬২.১৯	৭৮৭.১৪	৭৯৮.৯৬
	সম্পদ–৫		৪১৬৪৮.৫৭		২১৫৩.৯৪	৬১৮৯.২৬	৬৬৭৫.৬৩	৬৫৬০.৯৯	৬৪৪৮.৪৮
	সম্পদ–৬		৬৭০১১.৬৫		-	৭০৫৭.৮৭	৯৮৯৮.৮৩	১০১০৭.০১	১০২১৬.৬৪

খ) ২০২৪–২৯ ব্লক

পিটিশন নং	পরিসম্পদের বিশদ	৩১.০৩.২০২৯ তারিখের হিসাবে শেষ করার মূল্য	ট্যারিফ	২০২৪–২৫	২০২৫–২৬	২০২৬–২৭	২০২৭–২৮	২০২৮–২৯
পিটিশন–১	সংযুক্ত সম্পদ	১৬৮৩২৭.৪৫	এএফসি	২৬৭৬২.৮৩	২৬১৮৯.২৮	২৫৪৭৬.০৭	২৪৯১৫.১৫	১৮৮২৮.৪৪
পিটিশন–২	সংযুক্ত সম্পদ	১৭১৮৭০.৫৪		২৬০৮৭.০৪	২৫৫৭৫.০১	২৪৯৩৯.৩৪	২৪৩৫৬.৮৯	২৩৭৭০.৯৬

৪. ট্যারিফ নির্ধারণের জন্য আবেদনপত্রের একটি কপি আবেদনকারীর www.powergrid.com ওয়েবসাইটে আপলোড করে দেওয়া হয়েছে।
৫. পেশ হতে চলা আবেদনপত্রে উল্লিখিত ট্যারিফ নির্ধারণের প্রস্তাবগুলির ওপর সুবিধাভোগী সমেত কোনও ব্যক্তি দ্বারা পরামর্শ ও অভিযোগগুলি (যদি থাকে) এই নোটিস প্রকাশের তারিখ থেকে ৩০ দিনের মধ্যে সেক্রেটারি, সেন্ট্রাল ইলেকট্রিসিটি রেগুলেটরি কমিশন, চতুর্থ ও পঞ্চম তল, চন্দ্রলোক বিল্ডিং, জনপথ, নয়া দিল্লি–১১০০০১ (অথবা অন্য কোনও ঠিকানায়, যেখানে কমিশন অবস্থিত) ঠিকানাস্থিত অফিসে জমা দিতে হবে এবং এর একটি কপি আবেদনকারীর কর্পোরেট অফিসের ঠিকানাতেও জমা দিতে হবে।

স্থান : গুরুগ্রাম স্বাঃ–
তারিখ : ১২.১২.২০২৪ জেনারেল ম্যানেজার (কমার্শিয়াল)

পাওয়ার গ্রিড কর্পোরেশন অফ ইন্ডিয়া লিমিটেড
(ভারত সরকারের একটি উদ্যোগ)
কর্পোরেট অফিস: 'সৌদামিনী', প্লট নং ২, সেক্টর ২৯, গুরুগ্রাম–১২২০০১ (হরিয়ানা)। ফোন: ০১২৪–২৫৭১৭০০–৭১৯
রেজিস্টার্ড অফিস: বি–৯, কুতব ইনস্টিটিউশনাল এরিয়া, কাটওয়ারিয়া সরাই, নয়া দিল্লি–১১০০১৬। ফোন: ০১১–২৬৫৬ ০১১২, ২৬৫৬ ০১২১
www.powergrid.in **CIN:** L40101DL1989GOI038121
একটি মহারত্ন পিএসইউ

PG/CC/Notice-165/Advt-212/2024-25 Concept

পঞ্জাব নেশনল বৈংক punjab national bank
(Govt. Of India Undertaking)

সার্কল অফিস: উত্তর ২৪ পরগনা
৪৮এ, যশোর রোড, বারাসত (শেঠ পুকুরের নিকটে), পশ্চিমবঙ্গ, পিন–৭০০ ১২৪
ই–মেল: con24pngad@pnb.co.in

প্রেমিসেস আবশ্যক

পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক অফসাইট এটিএমের জন্য **ওয়েস্ট বেঙ্গল স্টেট ইউনিভার্সিটি ব্রাঞ্চের** নিকটে ইতিমধ্যেই নির্মিত এবং ভাল নির্মাণযুক্ত বিল্ডিং অগ্রাধিকার ভিত্তিতে **প্রথম তলে ৮০.০০ বর্গফুট থেকে ১০০.০০ বর্গফুট কার্পেট এরিয়া** বিশিষ্ট প্রেমিসেস ইজারা/ভাড়ার ভিত্তিতে নিতে আগ্রহী। বিধিবদ্ধ কর্তৃপক্ষের থেকে প্রস্তাবিত প্রেমিসেসের যাবতীয় ছাড়পত্র থাকা আবশ্যক। কাঙ্ক্ষিত এলাকায় এই ধরনের প্রেমিসেসের যে সকল আগ্রহী স্বত্বাধিকারী বা রেজিস্টার্ড পাওয়ার অফ অ্যাটর্নি ধারকগণ তাঁদের প্রাপ্তব্য প্রেমিসেস **১৫ বছর** বা তারও বেশি সময়সীমার জন্য দীর্ঘমেয়াদি ইজারায় দিতে ইচ্ছুক, তাঁরা ব্যাঙ্কের **www.pnbindia.in** ওয়েবসাইটে উপলব্ধ নির্ধারিত বয়ানে তাঁদের প্রস্তাব পাঠাতে পারেন যা উপরিলিখিত ঠিকানা থেকেও যে কোনও কাজের দিনে অফিস চলার মেয়াদে সংগ্রহণ করা যাবে। যথাযথভাবে পূরণ করা ও স্বাক্ষরিত পূর্ণাঙ্গ প্রস্তাব খামে ভরে মুখবন্ধ অবস্থায় উপরিলিখিত ঠিকানায় নিম্নস্বাক্ষরকারীর কাছে সর্বশেষ **২০.১২.২০২৪ তারিখের বিকেল ০৫:০০টার মধ্যে** জমা পড়তে হবে। ব্যাঙ্কের তরফে কোনও ব্রোকারেজ দেওয়া হবে না। কোনও কারণ না দেখিয়ে যে কোনও বা সমস্ত প্রস্তাব গ্রহণ বা বাতিলের একচ্ছত্র অধিকার ব্যাঙ্কের থাকবে।

তারিখ: ১৩.১২.২০২৪ স্বাঃ– সার্কল হেড

FEDERAL BANK আঞ্চলিক প্রধানের দপ্তর কলকাতা অঞ্চল
YOUR PERFECT BANKING PARTNER

CALREG/GOLD LOAN/2024-2025/DECEMBER-24 তারিখ: ১৩.১২.২০২৪

সোনার ব্যক্তিগত বিক্রয়ের বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকল এবং সাধারণ জনগণের অবগতির জন্য বিজ্ঞপ্তি মারফৎ জানানো হচ্ছে যে নিম্নোক্ত খসড়ার সঙ্গে বন্ধক রাখা স্বর্ণের অলঙ্কার যেটি/যেগুলি পুনরুদ্ধারের জন্য অতিবাহিত ছিল এবং যেগুলি বারবার বিজ্ঞপ্তি দেওয়া সত্ত্বেও এখনও পর্যন্ত পুনরুদ্ধার করা হয়নি সেটি/সেগুলি সংশ্লিষ্ট শাখা দ্বারা ৩০ ডিসেম্বর, ২০২৪–এ (সকাল ১১:০০ টা) ব্যক্তিগত বিক্রয় প্রক্রিয়ায় বিক্রয় করা হবে।

নাম এবং অ্যাকাউন্ট নম্বর	শাখার নাম এবং যোগাযোগের বিবরণ
অনুসূয়া চক্রবর্তী ২১৫৩৬৪০০০০৪৩৭৮ পুতুল মণ্ডল ২১৫৩৬৪০০০০৪২০৪	কলকাতা/বিবাদী বাগ- ওলিসা হাউস, ৪, গভর্নমেন্ট প্লেস নর্থ, জেনারেল পোস্ট অফিস, কলকাতা, পশ্চিমবঙ্গ, কলকাতা, পশ্চিমবঙ্গ, ৭০০০০১
পূর্ব দেশী ১৩০৪৬১০০০২৭২৮১ শুভ সরকার ১৩০৪৬৮০০০১২১৭৯ সুলগ্না দাস ১৩০৪৬৪০০০০১৮২০ সুলগ্না দাস ১৩০৪৬৪০০০০১৮৩৮ সুলগ্না দাস ১৩০৪৬৪০০০০১৮১২ সুস্মিতা তালুকদার ১৩০৪৬৮০০০১২০৩৯ দেবযানী ঘোষ ১৩০৪৬৮০০০১২০৪৭ আয়ুষী দাস ১৩০৪৬৪০০০০১৮০৪ আয়ুষী দাস ১৩০৪৬৪০০০০১৭৯৬ আয়ুষী দাস ১৩০৪৬৪০০০০১৭৮৮ অর্ঘ্য দে ১৩০৪৬১০০০২৭৩৫৬ বিশাল কাশ্যপ ১৩০৪৬৮০০০১১৬৯২ গৌরব বণিক ১৩০৪৬৮০০০১১৮৭৪ পূর্ব দেশী ১৩০৪৬৮০০০১৩৩৪২ পূর্ব দেশী ১৩০৪৬৮০০০১৩৪২৫ পূর্ব দেশী ১৩০৪৬৮০০০১৪৫৪৮ পূর্ব দেশী ১৩০৪৬৮০০০১৩৩৬৭ পূর্ব দেশী ১৩০৪৬৮০০০১৩৩৪৩ অর্ঘ্য দে ১৩০৪৬১০০০২৭৩৬৪	কলকাতা/ভবানীপুর- ৪/১ লালা লাজপত রায় সরণি, এলগিন রোড, ভবানীপুর, কলকাতা, পশ্চিমবঙ্গ, ৭০০০২০
শুভদীপ অধিকারী ১১০৩৬৮০০০০৩৮৭৪	কলকাতা/সি.আর এভিনিউ- ১১, প্রফুল্ল সরকার স্ট্রিট, গ্রাউন্ড ফ্লোর, কলকাতা, পশ্চিমবঙ্গ, কলকাতা, পশ্চিমবঙ্গ, ৭০০০৭২
সুরজিৎ ব্যানার্জি ২৫৪০৬৪০০০০১৭৪৯ সুরজিৎ ব্যানার্জি ২৫৪০৬৪০০০০০৯৬৪ যশবন্ত প্রসাদ ২৫৪০৬৪০০০০১৩৬৮ প্রসেনজিৎ দত্ত ২৫৪০৬৪০০০০০৭৩৩ প্রসেনজিৎ দত্ত ২৫৪০৬৪০০০০১৮৬৩ প্রসেনজিৎ দত্ত ২৫৪০৬৪০০০০২৬৭১	কলকাতা/যাদবপুর- ৬ নং, গ্রাউন্ড ফ্লোর, সুবোধ চন্দ্র মল্লিক রোড, কলকাতা, পশ্চিমবঙ্গ, কলকাতা, পশ্চিমবঙ্গ, ৭০০০৩২
আস্থা প্রহ্লাদকা ১১৫৭৬৪০০০০৫৪১৫	কলকাতা/বড় বাজার- ৩৩এ তারা চাঁদ দত্ত স্ট্রিট, বড় বাজার, কলকাতা, কলকাতা, পশ্চিমবঙ্গ, ৭০০০৭৩
মহম্মদ নুমন দানিশ ১৫১৪৬৪০০০০৪৩৮২ সব্যসাচী জাভেদ ১৫১৪৬৪০০০০৪৬৬৩ আরমন সেনগুপ্ত সব্যসাচী জাভেদ ১৫১৪৬৪০০০০৪৬৭১ আরমন সেনগুপ্ত	কলকাতা/পার্ক সার্কাস- পি-২৪, দর্গা রোড, পার্ক সার্কাস, কলকাতা, পশ্চিমবঙ্গ, কলকাতা, পশ্চিমবঙ্গ, ৭০০০১৭
উমেশ কেডিয়া ১৬২৩৬৪০০০১৮৮৭৭ মহম্মদ জাভেদ আখতার ১৬২৩৬৪০০০১৮২৮১ মুকেশ মল্লিক ১৬২৩৬৪০০০১৯০৪০ পার্থ প্রতীম বসাক ১৬২৩৬৪০০০১৭০৩৬ গোলাম মুর্শিদ ১৬২৩৬৪০০০১৮৩৬৪ ভবেশ পি. মেহতা ১৬২৩৬৪০০০১৯৮৭৫	কলকাতা/রবীন্দ্র সরণি- পোদ্দার কোর্ট, ১৮ রবীন্দ্র সরণি, কলকাতা, পশ্চিমবঙ্গ, কলকাতা, পশ্চিমবঙ্গ, ৭০০০০১
অঙ্কিত নেওটিয়া ১২০০৬৪০০০০৪৬৭০ অঙ্কিত নেওটিয়া ১২০০৬৪০০০০৫৯৬৬ সন্তোষ রাউথ ১২০০৬৪০০০০৩৭৩০	কলকাতা/আরএন মুখার্জি রোড- মার্টিন বার্ণ হাউস, ১, আর.এন.মুখার্জি রোড, কলকাতা, কলকাতা, পশ্চিমবঙ্গ, ৭০০০০১
অরিন্দম সাহা ১৯৩৮৬৮০০০১০৪০৯ অরিন্দম সাহা ১৯৩৮৬৮০০০১৩৪৯৪ অরিন্দম সাহা ১৯৩৮৬৮০০০১৪৪৩৫ অমৃত পুতি ১৯৩৮৬৮০০০০৮৮৭৪	কলকাতা/উল্টোডাঙা- গ্রাউন্ড ফ্লোর, মার্লিন ওয়ার্ল্ডেন টিএফ লেকভিউ, ব্লক সুপিরিয়র, ১০৪, বিধান নগর রোড, কলকাতা, পশ্চিমবঙ্গ, কলকাতা, পশ্চিমবঙ্গ, ৭০০০৬৭
ভবেশ পি. মেহতা ২১৬২৬৪০০০০৫৩৯০ দোলন পাল ২১৬২৬৪০০০০৫৮২০ অচিন্ত্য কুমার ব্যানার্জি ২১৬২৬৪০০০০৫১১৯ অচিন্ত্য কুমার ব্যানার্জি ২১৬২৬৪০০০০৫১৯২ ভবেশ পি. মেহতা ২১৬২৬৪০০০০৫২৩৪ অরুণ কুমার ভাদুড়ী ২১৬২৬৪০০০০৫৫৮০ অরুণ কুমার ভাদুড়ী ২১৬২৬৪০০০০৬২৬৫ অনির্বাণ ঘোষ ২১৬২৬৪০০০০৫১৪৩	কলকাতা/রাসবিহারী এভিনিউ- ১৫২, এস পি মুখার্জি রোড, কালীঘাট পোস্ট, কলকাতা, পশ্চিমবঙ্গ, কলকাতা, পশ্চিমবঙ্গ, ৭০০০২৬
জ্যোৎস্না মৌলিক ১৯৮৫৬৪০০০১৭৫১৭ সোহং ঘোষ ১৯৮৫৬৪০০০১৫৯০৯ ভাস্বর গুহ ১৯৮৫৬৮০০০১৬০৩৬ প্রদীপ মহাকুর ১৯৮৫৬৮০০০১৬৪৮১ অমিত সিং ১৯৮৫৬৮০০০১৬৯২৯ সন্দীপ অধিকারী ১৯৮৫৬৮০০০১৬৫৭২ সৌম্যশ্রী ব্যানার্জি ১৯৮৫৬৪০০০১৪৪১৫	কলকাতা/ভিআইপি রোড- সিদ্ধি অ্যাপার্টমেন্ট, ৭১, তেঘরিয়া, ভিআইপি রোড, থানা রাজারহাট, কলকাতা, পশ্চিমবঙ্গ, উত্তর ২৪ পরগনা, পশ্চিমবঙ্গ, ৭০০১৫৭
মহম্মদ শাহনওয়াজ ১৪০০৬৪০০০০৬৩৪৩ মহম্মদ শাহনওয়াজ ১৪০০৬৪০০০০৬৩১৯ অসিত কুমার মণ্ডল ১৪০০৬৪০০০০৬০৪৬ সুজিত বেরা ১৪০০৬৪০০০০৫৬৯১	কলকাতা/পার্ক স্ট্রিট- শাখা কলকাতা/পার্ক স্ট্রিট, ৯১এ/১, অবনী সিগনেচার বিল্ডিং, পার্ক স্ট্রিট, কলকাতা, কলকাতা, পশ্চিমবঙ্গ, ৭০০০১৬
চিরঞ্জিৎ চক্রবর্তী ১৬০৭৬৪০০০১৫০৭ অমিতাভ সেনগুপ্ত ১৬০৭৬৮০০০০৯৫৪	গড়িয়া- ৫৯১, শ্রীনগর মেন রোড, গড়িয়া, পশ্চিমবঙ্গ, দক্ষিণ ২৪ পরগনা, পশ্চিমবঙ্গ, ৭০০০৯৪

যূকো বৈংক UCO BANK
জোনাল অফিস: হুগলি
২১, নিউ জি টি রোড, উত্তরপাড়া, জেলা- হুগলি–৭১২২৫৮
ফোন: (০৩৩) ২৬৬৪ ০৩৫৭

পরিশিষ্ট–IV, রুল ৮(১)
দখল বিজ্ঞপ্তি
(স্থাবর সম্পত্তির জন্য)

যেহেতু, ইউকো ব্যাঙ্ক–এর অনুমোদিত আধিকারিক হিসেবে নিম্নস্বাক্ষরকারী সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল নং ৩–সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২–এর ১৩(১২) ধারাধীনে তাঁর ওপর অর্পিত ক্ষমতাবলে উক্ত অ্যাক্টের ১৩(২) ধারাধীনে ঋণগ্রহীতার প্রতি দাবি বিজ্ঞপ্তি জারি করেছিলেন, যার মাধ্যমে উক্ত বিজ্ঞপ্তি প্রাপ্তির তারিখ থেকে ৬০ দিনের মধ্যে বকেয়া সুদ, আনুষঙ্গিক খরচ, মাসুল, চার্জ ইত্যাদি–সহ সংশ্লিষ্ট বিজ্ঞপ্তিতে উল্লিখিত পরিমাণ অর্থাঙ্ক পরিশোধের জন্য তাঁদের প্রতি আহ্বান জানানো হয়েছিল।
উক্ত ঋণগ্রহীতা/জামিনদার বিজ্ঞপ্তিতে দাবিকৃত অর্থাঙ্ক আদায় দিতে ব্যর্থ হওয়ায় এতদ্দ্বারা বিশেষত ওই ঋণগ্রহীতা/জামিনদার ও জনসাধারণের প্রতি জানানো যাচ্ছে যে, নিম্নস্বাক্ষরকারী উক্ত রুলসমূহের রুল নং ৮ ও ৯–সহ পঠনীয় উক্ত অ্যাক্টের ১৩ নং ধারার (৪) নং উপধারাধীনে তাঁর ওপর অর্পিত ক্ষমতাবলে নীচে লেখা তারিখে নীচে বর্ণিত সম্পত্তির দখল নিয়েছেন।
বিশেষত ওই ঋণগ্রহীতা/জামিনদার এবং জনসাধারণকে এতদ্দ্বারা উক্ত সম্পত্তি নিয়ে কোনওরূপ লেনদেন না করার জন্য সতর্ক করা হচ্ছে এবং উক্ত সম্পত্তি নিয়ে কোনও প্রকার লেনদেন নীচে উল্লিখিত অর্থাঙ্ক ও আদায়ের তারিখ পর্যন্ত সুদ, আনুষঙ্গিক খরচ, মাসুল, চার্জ সমেত ইউকো ব্যাঙ্ক–এর দায় সাপেক্ষ হবে।
উক্ত অ্যাক্টের ১৩ নং ধারার (৮) নং উপধারার সংস্থান অনুযায়ী প্রাপ্য মেয়াদের মধ্যে এই সুরক্ষিত পরিসম্পদগুলি ছাড়ানোর ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট ঋণগ্রহীতা/জামিনদারের মনোযোগ আকর্ষণ করা হচ্ছে।

ব্রাঞ্চ: ভৈরবপুর (১৬৬২), গ্রাম ও পোঃ ভগবন্তপুর, থানা চন্দ্রকোণা, জেলা : পশ্চিম মেদিনীপুর, পিন–৭২১২০১, ই–মেল: bhaira@ucobank.co.in

ক্রম নং	ঋণগ্রহীতা/ জামিনদারের নাম	স্থাবর সম্পত্তির বিবরণ	ক) দাবি বিজ্ঞপ্তির তারিখ খ) দখল বিজ্ঞপ্তির তারিখ গ) বকেয়া অর্থাঙ্ক
১	**মেসার্স টি জি ইন্টারন্যাশনাল, স্বত্বা–শ্রী তপন কুমার ঘোষ,** পিতা অসিত কুমার ঘোষ, গ্রাম–খড়ার, ওয়ার্ড নং ৩, পোঃ খড়ার, থানা ঘাটাল, জেলা পশ্চিম মেদিনীপুর, পিন–৭২১২২২ এবং **শ্রী সুকুমার ঘোষ (জামিনদার),** পিতা বঙ্কু বিহারী ঘোষ, গ্রাম–কামারগেরিয়া, পোঃ হরিনগর, থানা ঘাটাল, জেলা পশ্চিম মেদিনীপুর, পিন–৭২১২২২	সম্পত্তির সমবন্ধক, জমি সহ বাড়ি, মৌজা খড়ার, জে এল নং ৪৪, খতিয়ান নং ২৪৩৭, প্লট নং ২২, এবং এরিয়া ২২.৫০ ডেসিমেল বাস্তু জমি, খড়ার পুরসভার ওয়ার্ড নং ৩, গ্রাম খড়ার, পোঃ খড়ার, জেলা পশ্চিম মেদিনীপুর, থানা ঘাটাল, ৩০.০৩.২০১৪ তারিখের দলিল নং ৪০০, এডিএসআর অফিস পশ্চিম মেদিনীপুর, পশ্চিমবঙ্গ। সম্পত্তিটি ১) শ্রী তপন কুমার ঘোষ, পিতা অসিত কুমার ঘোষের নামে। প্লটের চৌহদ্দি নিম্নলিখিত: উত্তরে: মৃণাল ঘোষের ফাঁকা জমি, দক্ষিণে: উত্তম মণ্ডলের বাড়ি, পূর্বে: ২৫ ফুট চওড়া পুরসভার রাস্তা, পশ্চিমে: তাপস ঘোষের জমি।	ক) ০৫.১০.২০২৪ খ) ১১.১২.২০২৪ গ) ₹১৩,১০,৩৬৩.০০ + অপ্রযুক্ত সুদ (তেরো লক্ষ দশ হাজার তিনশো তেষট্টি টাকা মাত্র) ৩১.০৭.২০২৪ অনুযায়ী, বকেয়া সুদ, আনুষঙ্গিক খরচ, মাসুল, চার্জ ইত্যাদি সহ।

তারিখ: ১১.১২.২০২৪; স্থান: ভৈরবপুর অনুমোদিত আধিকারিক, ইউকো ব্যাঙ্ক

pnb Housing Finance Limited — Ghar Ki Baat
পরিশিষ্ট–IV–A — স্থাবর সম্পত্তি(সমূহ) ই–নিলাম প্রকাশ্য বিক্রির বিজ্ঞপ্তি
সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল ৮(৬)–এর সংস্থানসমূহ–সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২–এর অধীনে স্থাবর পরিসম্পদসমূহ বিক্রির জন্য ই–নিলাম বিক্রির বিজ্ঞপ্তি

রেজিস্টার্ড অফিস: ফ্লোর নং ৯, অন্তরীক্ষ ভবন, ২২, কস্তুরবা গান্ধী মার্গ, নয়া দিল্লি–১১০০০১। ফোন: ০১১–২৩৩৫৭১৭১, ২৩৩৫৭১৭২, ২৩৭০৫৪১৪, ওয়েবসাইট: www.pnbhousing.com
কলকাতা ব্রাঞ্চ: পিএনবি হাউজিং ফিনান্স লিমিটেড, ফ্লোর নং ৫, সাউথ ব্লক, প্রেমিসেস নং ৭, কিড স্ট্রিট, কলকাতা– ৭০০০১৬

এতদ্বারা জনসাধারণ–সহ বিশেষত নীচের টেবিলে কলাম নং 'A'–তে উল্লিখিত ঋণগ্রহীতা(গণ) ও জামিনদার(গণ)–এর প্রতি এই বিজ্ঞপ্তি জারি করা হচ্ছে যে, মেসার্স পিএনবি হাউজিং ফিনান্স লিমিটেড/সুরক্ষিত ঋণদাতা–এর অনুমোদিত আধিকারিক দ্বারা নীচের টেবিলে কলাম নং 'D'–তে বর্ণিত সুরক্ষিত ঋণদাতার অনুমোদিত আধিকারিক দ্বারা গঠনমূলক/ বাস্তবিক দখল (কলাম নং 'C'–তে উল্লেখমতো) নেওয়া ও সুরক্ষিত ঋণদাতার কাছে বন্ধক রাখা/ দায়বদ্ধ স্থাবর সম্পত্তিগুলি নীচে উল্লিখিত বিশদ তথ্য অনুযায়ী 'যেখানে আছে, যেমন আছে, যা কিছু আছে' ভিত্তিতে বিক্রি করা হবে। নীচের টেবিলে কলাম নং 'A' তে উল্লিখিত ঋণগ্রহীতা(গণ)/ বন্ধকদাতা(গণ)/ সংশ্লিষ্ট ঋণগ্রহীতাগণ বা বন্ধকদাতাগণের (প্রয়াত হলে) আইনি উত্তরাধিকারীগণ (জ্ঞাত বা অজ্ঞাত), এগজিকিউটর(গণ), অ্যাডমিনিস্ট্রেটর(গণ), সাক্সেসর(গণ), অ্যাসাইনি(গণ) (প্রযোজ্যমতো)–এর প্রতি হাল তারিখ পর্যন্ত সংশোধনী–সহ পঠনীয় সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল ৮(৬) ও ৯–এর সংস্থানাধীনে এতদ্দ্বারা এই বিজ্ঞপ্তি জারি করা হচ্ছে। বিক্রির বিশদ শর্ত ও নিয়মাবলির জন্য অনুগ্রহপূর্বক মেসার্স পিএনবি হাউজিং ফিনান্স লিমিটেড/ সুরক্ষিত ঋণদাতার এই ওয়েবসাইট দেখুন: www.pnbhousing.com

লোন অ্যাকাউন্ট নম্বর/ ঋণগ্রহীতা/ সহ–ঋণগ্রহীতা/ জামিনদার(গণ)/ আইনি উত্তরাধিকারীগণের নাম (A)	দাবিকৃত অর্থাঙ্ক ও তারিখ (B)	দখলের প্রকৃতি (C)	বন্ধক রাখা সম্পত্তির বিবরণ (D)	সংরক্ষণ মূল্য (আরপি) (E)	ইএমডি (আরপি–র ১০%) (F)	ডাক জমার শেষ তারিখ (G)	ডাক বাড়ানোর হার (H)	পরিদর্শনের তারিখ ও সময় (I)	নিলামের তারিখ ও সময় (J)	জ্ঞাত দায়/ বিচারাধীন মামলা (যদি থাকে) (K)
HOU/KOL/0218/488644 ব্রাঞ্চ অফিস: কলকাতা হৃদয় প্রসাদ তিওয়ারি/ আভা তিওয়ারি	₹ ২৬,২১,১১০.০৫ ১১.১০.২০২২ অনুযায়ী	বাস্তবিক দখল	সামান্য কমবেশি ৭ কাঠা ২৭ বর্গফুট জমির অবিভক্ত ও অবিভাজ্য সমানুপাতিক অংশ পরিমাণ ও স্বার্থ ভোগদখলের সমানাধিকার সমেত এই জমিতে নির্মিত বহুতল বিল্ডিংয়ের সপ্তম তলে (৬ নং ফ্লোর) ২টি বেডরুম, ১টি ড্রয়িং কাম ডিভিং, ১টি ডাইনিং হল, ১টি বাথ–কাম–প্রিভি টয়লেট, ১টি কিচেন ও ১টি লবি নিয়ে গঠিত সামান্য কমবেশি ৯৭০ বর্গফুট মাপের (২০% সুপার বিল্ট আপ এরিয়া ধরে) একটি আবাসিক ফ্ল্যাটের অপরিহার্য সমগ্র পরিমাণ যার অবস্থান: হাওড়া পুরনিগমের হোল্ডিং নং ১৮৮ ও ১৮৯/১, জি টি রোড (নর্থ), হাওড়া পুরনিগমের ২ নং ওয়ার্ডের এলাকাধীন, দাগ নং ১৬৬, খতিয়ান নং ৬৯, মৌজা ও থানা– মালিপাঁচঘড়া, জেলা– হাওড়া। ফ্ল্যাটটি এরূপে চৌহদ্দি পরিবেষ্টিত: উত্তর– বিল্ডিংয়ের পরিসর; দক্ষিণ– সিঁড়ি; পূর্ব– বিল্ডিংয়ের পরিসর; পশ্চিম– বিল্ডিংয়ের পরিসর।	₹ ২৩,২২,০০০/-	₹ ২,৩২,২০০/-	২৭.১২.২০২৪	₹ ১০,০০০/-	১৬.১২.২০২৪ সকাল ১০টা থেকে বিকেল ৪টা ৩০ মিনিট	২৮.১২.২০২৪ দুপুর ২টো থেকে দুপুর ৩টে	এসএ ২৩৪/২০২৩: হৃদয় প্রসাদ তিওয়ারি বনাম পিএনবি এইচএফএল- ডিআরটি I

* তৎসহ পরিশোধের তারিখ পর্যন্ত এবং/বা পরবর্তীতে আদায়ীকৃত অর্থাঙ্ক বাদে বার্ষিক ১৮% হারে প্রযোজ্যমতো সুদ, আনুষঙ্গিক খরচ, মাশুল, চার্জ ইত্যাদি। ** পিএনবি হাউজিং ফিনান্স লিমিটেড–এর অনুমোদিত আধিকারিকের সেরা জ্ঞান ও তথ্যানুসারে উপরিলিখিত স্থাবর/ সুরক্ষিত পরিসম্পদের ওপর অন্য কোনও দায়/ দাবি বকেয়া নেই (কলাম নং 'K'–তে উল্লিখিত বাদে)। পরবর্তী যাবতীয় দায় সফল ক্রেতা/ডাকদাতাকেই আদায় দিতে হবে। উল্লিখিত দায়গুলির পরিস্থিতি স্বাধীনভাবে যাচাই করে নেওয়ার জন্য সম্ভাব্য ক্রেতা(গণ)/ ডাকদাতাদের প্রতি অনুরোধ জানানো হচ্ছে।
[১] আজকের তারিখ পর্যন্ত উপরিলিখিত স্থাবর সম্পত্তি/ সুরক্ষিত পরিসম্পদ বিক্রি, দায় ছেড়ে ফেলা ও/বা হস্তান্তর করায় পিএনবি এইচএফএল/ পিএনবি এইচএফএল–এর অনুমোদিত আধিকারিকের প্রতি নিষেধাজ্ঞা জারি করে কোনও আদেশ/ আদালতের স্থিতাবস্থা জারির নির্দেশ নেই। [২] নিজেদের দরপত্র/ বিড অ্যাপ্লিকেশন ফর্ম জমা দেওয়া বা দরপ্রস্তাব(সমূহ) পেশের আগে সম্ভাব্য ক্রেতা/ ডাকদাতা এবং আগ্রহী পক্ষগণ ওপরের টেবিলে কলাম নং 'K'–তে উল্লিখিত মামলা/ জারিকৃত আদেশের প্রেক্ষিতে শুনানি স্বাধীনভাবে পর্যবেক্ষণ করতে পারেন এবং এগুলি বাদেও তাঁরা পিএনবি এইচএফএল–এর জিম্মায় থাকা সম্পত্তির নথিপত্র ও স্বত্ব যাচাই করে নিজেরা নিঃসন্দেহ হয়ে নিতে পারেন। বিড ফর্মের পাশাপাশি ডাকদাতা(গণ)–কে এই নিলামের শর্ত ও নিয়মাবলিতেও স্বাক্ষর করতে হবে। [৩] অনুগ্রহপূর্বক খেয়াল রাখবেন যে, সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল ৯(৩)–এর শর্তানুসারে ডাকদাতা(গণ)/ ক্রেতা নিলামের দিনেই বা সর্বাধিক পরবর্তী কাজের দিনের মধ্যে বিক্রয়মূল্যের ২৫% অর্থাঙ্ক (জমাকৃত ইএমডি ধরে, যদি থাকে) আদায় দিতে বাধ্য। সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল ৯(২) অনুযায়ী সুরক্ষিত ঋণদাতা বিক্রয়মূল্যের ২৫% অর্থাঙ্ক বুঝে পাওয়ার পরে সফল ক্রেতার/ ডাকদাতার অনুকূলে বিক্রয় চূড়ান্ত করা হতে পারে। ক্রেতাকে বিক্রয়মূল্যের বাকি ৭৫% অর্থাঙ্ক আদায় দিতে হবে বিক্রি নিষ্পত্তির চিঠি প্রাপ্তির ১৫ দিনের মধ্যে এবং এরূপে অর্থাঙ্ক আদায় দিতে ব্যর্থ হলে সম্পত্তি/ সুরক্ষিত পরিসম্পদ পুনরায় বিক্রি করা হবে। [৪] ই–নিলামের মাধ্যমে বিক্রি পরিচালনায় অনুমোদিত আধিকারিকের সহায়তায় থাকবে মেসার্স সি১ ইন্ডিয়া প্রাঃ লিঃ, কর্পোরেট অফিসের ঠিকানা: প্লট নং ৬৮, ফ্লোর নং ৩, সেক্টর ৪৪, গুড়গাঁও, হরিয়ানা– ১২২০০৩, ওয়েবসাইট: www.bankeauctions.com। সম্পত্তি পরিদর্শন বা বিড ডকুমেন্ট সংগ্রহ সংক্রান্ত কোনও সহায়তার প্রয়োজনে এবং রেজিস্ট্রেশন সম্পর্কিত কোনও প্রশ্নের ব্যাখ্যা পেতে আপনারা এখানে যোগাযোগ করতে পারেন: পিএনবিএইচএফএল–এর অনুমোদিত ব্যক্তি মিঃ ইন্দ্র সেন যাদব, যোগাযোগের টোল ফ্রি নম্বর: ১৮০০ ১২০ ৮৮০০ অথবা, www.pnbhousing.com দেখতে পারেন।

স্থান: কলকাতা; তারিখ: ১২.১২.২০২৪ অনুমোদিত আধিকারিক, মেসার্স পিএনবি হাউজিং ফিনান্স লিমিটেড